যুগান্তর | শনিবার ২২ ডিসেম্বর ২০১৮
৮ পৌষ ১৪২৫

# তথ্যপ্রযুক্তি বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন শুরু

যুগান্তর রিপোর্ট

বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ক একুশতম আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। শুক্রবার সকালে ওই সম্মেলন উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। সম্মেলনে বক্তারা জানান, এ বছর ২১টি দেশ থেকে ৩০১টি তথ্যপ্রযুক্তি বিষয়ক গবেষণা থেকে শক্তিশালী রিভিউ কমিটির বাছাইয়ের পর মোট ৮৮টি গবেষণা আন্তর্জাতিক জার্নালে প্রকাশের জন্য চূড়ান্তভাবে গৃহীত হয়। এসব গবেষণা বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বিকাশের পাশাপাশি শিল্প উদ্যোক্তা ও শিক্ষার্থীদের উদ্ভাবনীতে কাজে আসবে। চতুর্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে প্রযুক্তিগত উন্নয়ন ও চ্যালেঞ্জ মোকাবেলায় কীভাবে লাভবান হওয়া যাবে তা নিয়ে আলোচনা করেন বক্তারা।